শিশুর মুখে বেত ঢুকিয়ে টিকটক

# সেই মাদ্রাসা শিক্ষক বরখাস্ত

**লক্ষ্মীপুর প্রতিনিধি**

২০ জুলাই ২০২৬, ১২:০০ এএম

রায়পুরে কান্নারত এক শিশুশিক্ষার্থীর মুখে বারবার বেত ঢুকিয়ে ভিডিও ধারণ ও তা ফেসবুকে ছড়িয়ে দেওয়ার ঘটনায় অভিযুক্ত মাদ্রাসা শিক্ষক ইমরান হোসেনকে বরখাস্ত করা হয়েছে। ‘পিচ্চি পোলাপানরে কান্না করাইতে ভালোই লাগে’ ক্যাপশনে পোস্ট করা ওই ভিডিওটি সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়লে তীব্র সমালোচনার ঝড় ওঠে।

সম্প্রতি উপজেলার উত্তর চর আবাবিল ইউনিয়নের দারুল উলুম কোরআন মাদ্রাসায় এ ঘটনা ঘটে। অভিযুক্ত ইমরান হোসেন নোয়াখালীর সেনবাগ উপজেলার বাসিন্দা। তিনি ওই মাদ্রাসার সহকারী শিক্ষক ছিলেন এবং চরম টিকটকে আসক্ত ছিলেন।

জানা গেছে, ৩৪ সেকেন্ডের ওই ভিডিওতে দেখা যায়, কান্নারত এক শিশুর মুখে বারবার বেত ঢুকিয়ে দেওয়া হচ্ছে। শিশুটি বাধা দিলেও শিক্ষক হাসছিলেন।